

🖪 মারইয়াম | Maryam | مَرْيَم

আয়াতঃ ১৯: ৪৩

💵 আরবি মূল আয়াত:

ياً بَتِ إِنِّى قَد جَآءَنِى مِنَ العِلمِ مَا لَم يَاتِكَ فَاتَّبِعنِى اَهدِكَ صبِرَاطًا سَوِيًّا ﴿ ٢٣﴾

'হে আমার পিতা! আমার কাছে এমন জ্ঞান এসেছে যা তোমার কাছে আসেনি, সুতরাং আমার অনুসরণ কর, তাহলে আমি তোমাকে সঠিক পথ দেখাব'। — আল-নায়ান

হে আমার পিতা! আমার কাছে এমন জ্ঞান এসেছে যা আপনার কাছে আসেনি, কাজেই আমার অনুসরণ করুন, আমি আপনাকে সরল সঠিক পথ দেখাব। — তাইসিকুল

হে আমার পিতা! আমার নিকটতো এসেছে জ্ঞান যা তোমার নিকট আসেনি। সুতরাং আমার অনুসরণ কর, আমি তোমায় সঠিক পথ দেখাব। — মুজিবুর রহমান

O my father, indeed there has come to me of knowledge that which has not come to you, so follow me; I will guide you to an even path. — Sahih International

৪৩. হে আমার পিতা! আমার কাছে তো এসেছে জ্ঞান যা আপনার কাছে আসেনি; কাজেই আমার অনুসরণ করুন, আমি আপনাকে সঠিক পথ দেখাব।

তাফসীরে জাকারিয়া

- (৪৩) হে আমার পিতা! আমার নিকট সেই জ্ঞান এসেছে, যা তোমার নিকট আসেনি।[1] সুতরাং তুমি আমার অনুসরণ কর, আমি তোমাকে সঠিক পথ দেখাব। [2]
 - [1] যার দ্বারা আমি আল্লাহর পরিচয় ও প্রত্যয় প্রাপ্ত হয়েছি। মরণের পরপারের জীবন এবং আল্লাহ ছাড়া যারা অন্যের ইবাদত করে, তাদের স্থায়ী শাস্তি সম্বন্ধেও অবগত হয়েছি।
 - [2] যে পথ তোমাকে পরিত্রাণ ও চিরসুখের জীবন দান করবে।

তাফসীরে আহসানুল বায়ান



 ф hadithbd.com
 কুরআন
 মারইয়াম । Maryam ।

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2293

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন